

P_MIS	P_GIS	AE	SAE	DEO (M)	DEO (F)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরনি  
কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৬.০৩.০০০০.০০১.১১.৩৫৪(অংশ-২).১৬-১৬৬

প্রজ্ঞাপন

তারিখ - ২২/০৬/২০১৯ খ্রিঃ

বাংলাদেশ সরকারী কর্মকমিশনের ০৯/১২/২০১৮ তারিখের ৮০.০০.০০০০.৩০১.(গোপনীয়).১১.২২১৯.১৭-২৩২ নং স্মারকের সুপারিশ এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১১.০০২.১৮-৭৮৫ তারিখ-০৭/০৮/২০১৯ মাধ্যমে নিয়োগের জন্য সম্মতি প্রদানকৃত ০২ (দুই) জন প্রার্থী ডাক্তারি পরীক্ষায় যোগ্য বিবেচিত হওয়ায় এবং পুলিশ প্রত্যাগমন বিবরণীতে তার বিরুদ্ধে কোন বিরূপ তথ্য না পাওয়ার তাকে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের রাজস্বখাতভূক্ত "উপ-সহকারী প্রকৌশলী" পদে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১০ম গ্রেডে, ১৬,০০০-৩৮,৬৪০/- টাকার বেতনক্রমে এবং বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো।

ক্রঃ নং	পিএসসির মেধাক্রম	প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম ও পিএসসির রেজিঃ নম্বর	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	০৯	জনাব মোঃ এনামুল হক পিতা : মোঃ ফইম উদ্দিন মাতা : রেনুয়ারা বেগম রেজিঃ নম্বর : ০০০৩৯৩	গ্রাম/মহল্লা : হনকান্দা ডাকঘর : জামালপুর সদর, ২০০০ উপজেলাঃ জামালপুর জেলা : জামালপুর	গ্রাম/মহল্লা : হনকান্দা ডাকঘর : জামালপুর সদর, ২০০০ উপজেলাঃ জামালপুর জেলা : জামালপুর
২.	৩০	জনাব মোঃ আব্দুল্লাহ আল মাহমুদ পিতা : মোঃ আব্দুল জব্বার মাতা : মাহমুদা খাতুন রেজিঃ নম্বর : ৪০০২৯৮	বাসা/হোল্ডিং নং- দঃ মোহাম্মদনগর (সুইচগেট) গ্রাম/মহল্লা : ডাকঘর : জলমা উপজেলাঃ বাটিয়াঘাটা জেলা : খুলনা।	বাসা/হোল্ডিং নং- দঃ মোহাম্মদনগর (সুইচগেট) গ্রাম/মহল্লা : ডাকঘর : জলমা উপজেলাঃ বাটিয়াঘাটা জেলা : খুলনা।

### নিয়োগের শর্তাবলী :

- এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী এবং যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে অথবা বিনা নোটিশে তাকে চাকুরী হতে অব্যাহতি দেয়া যাবে।
- তাকে ২(দুই) বৎসর শিক্ষানবিস হিসেবে থাকতে হবে। তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তার শিক্ষানবিসকাল আরও ২(দুই) বৎসর বৃদ্ধি করতে পারবে। শিক্ষানবিসকাল সন্তোষজনকভাবে সমাপন এবং উক্ত সময়ে তার আচরণ ও কর্ম সন্তোষজনক হলে চাকুরীতে স্থায়ী করণের বিষয়ে বিবেচনা করা হবে। শিক্ষানবিসকালে যদি কেউ চাকুরীতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্মকমিশনের পরামর্শ ব্যতিরেকে তাকে চাকুরী হতে অব্যাহতি দেয়া যাবে।
- চাকুরীতে যোগদান করার পর কোন প্রশিক্ষণে মনোনয়ন দেয়া হলে উক্ত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে একজন জামানতদারসহ ১৫০ (একশত পঞ্চাশ) টাকা মূল্যের ননজুনিয়াল স্ট্যাম্প এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিসকালে অথবা শিক্ষানবিসকাল উত্তীর্ণ হওয়ার ৩ বৎসরের মধ্যে চাকুরীতে ইস্তফা দেন তবে উক্ত সময়ের মধ্যে তাকে প্রদত্ত বন্ডে প্রদত্ত অর্থ প্রদান করা হবে এবং প্রশিক্ষণে ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন।
- যদি তিনি তার ইস্তফা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে উপ-অনুচ্ছেদ (গ) মোতাবেক সরকারের প্রাপ্য অর্থ ফেরত না দিয়ে কর্তব্যে অনুপস্থিত থাকেন তাহলে উপ-অনুচ্ছেদ (গ) অনুযায়ী তার নিকট প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ (Bengal Act No. III of 1913) এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা, ২০১৮ মোতাবেক তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বাংলাদেশের যে কোন স্থানে তাকে উপ-সহকারী প্রকৌশলী/সমপর্যায়ভূক্ত পদে বদলী করা হলে তিনি বদলীকৃত স্থানে চাকুরী করতে বাধ্য থাকবেন।
- পারম্পরিক জ্যেষ্ঠতা কর্মকমিশন কর্তৃক নিয়োগের জন্য সুপারিশকৃত মেধা তালিকার ক্রমানুসারে নির্ধারিত হবে।
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- সামরিকভাবে প্রত্যাগমনকৃত মুক্তিযোদ্ধা সনদ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত যাচাই বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোন তথ্য পাওয়া গেলে তিনি গৃহীত সমুদয় সুবিধাদি প্রত্যর্পণ করতে বাধ্য থাকবেন।
- এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারের বর্তমান প্রচলিত বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান দ্বারা তার চাকুরী নিয়ন্ত্রিত হবে।
- এ নিয়োগ তার যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- এ চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন অমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

২। যদি উপরের শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য হয় তাহলে আগামী ০৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখের মধ্যে তাকে প্রধান প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী কাকরাইল, ঢাকা এ ঠিকানায় যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদান না করলে চাকুরীতে যোগদান করতে তিনি সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে।

৩। জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।

(মোঃ সাইফুর রহমান)  
প্রধান প্রকৌশলী (অঃপঃ)

